



৪২ জেলা পরিষদের প্রশাসকদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক



৪২ জেলা পরিষদের প্রশাসকদের সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক। ছবি: সংগৃহীত

নবনিযুক্ত ৪২টি জেলা পরিষদের প্রশাসকদের নিয়ে বৈঠক করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। সোমবার (৩১ মার্চ) রাতে গুলশানে বিএনপি চেয়ারপারসনের কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়।

রাত সাড়ে ৯টার দিকে কার্যালয়ে পৌঁছান প্রধানমন্ত্রী। সম্প্রতি, গত ১৫ মার্চ ৪২টি জেলা পরিষদে প্রশাসক নিয়োগ দেয় সরকার। সেই নিয়োগের পর প্রশাসকদের সঙ্গে এটিই ছিল প্রধানমন্ত্রীর প্রথম আনুষ্ঠানিক মতবিনিময়।

বৈঠকে মাঠপর্যায়ে দায়িত্ব পালনে সক্রিয় ও কার্যকর ভূমিকা রাখতে প্রশাসকদের নির্দেশনা দেন তিনি। বিশেষভাবে স্থানীয় সরকার ব্যবস্থাকে আরও শক্তিশালী করা, তৃণমূল পর্যায়ে উন্নয়ন কার্যক্রম জোরদার করা এবং সাধারণ মানুষের সেবাপ্রাপ্তি নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী এবং বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, পাশাপাশি এলজিআরডি প্রতিমন্ত্রী মীর শাহে আলম।